গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা

স্মারক নং- ৪জি-২৩৯৪-ম/২০০৯/২৮৫৬ তারিখ: ১৫/০৭/২০১৯

বিষয় : **ঢাকা মহানগরীর লালবাগ থানাধীন রহমতুল্লাহ মডেল হাই স্কুলের প্রধান শিক্ষকের দায়িত্ব প্রদান সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা মহানগরীর লালবাগ থানাধীন রহমতুল্লাহ মডেল হাই স্কুলের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক জনাব আবুল বাশার হাওলাদার, ইনডেক্স নং- ২৮২৪২০-এর বয়স এমপিও সিটে ৬০ বছর পূর্ণ হবার পরও দায়িত্ব থেকে অব্যাহতি না নিয়ে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব পালন করছেন মর্মে উক্ত বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি সদস্য ও কতিপয় শিক্ষক অভিযোগ করেছেন।

শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১১.৬ ধারা অনুযায়ী শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ ৬০ (ষাট) বছর বয়স পর্যন্ত প্রদেয় হবে। বয়স ৬০ (ষাট) বছর পূর্ণ হবার পর কোন শিক্ষা প্রতিষ্ঠানে প্রতিষ্ঠান প্রধান/সহকারী প্রধান/শিক্ষক-কর্মচারীকে কোনো অবস্থাতেই পুন:নিয়োগ কিংবা চুক্তিভিত্তিক নিয়োগ দেওয়া যাবে না।

উল্লেখ্য, উক্ত বিষয়ে মাউশি অধিদপ্তরের ২৬/০৫/২০১৯ তারিখের নং- ৩৭.০২.০০০০.১০৭.৯৯.৫৭.২০১৬-২২৮৭ সংখ্যক স্মারকে পত্র জারি করা হয়েছে।

এমতাবস্থায়, বর্ণিত বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক জনাব আবুল বাশার হাওলাদার, ইনডেক্স নং- ২৮২৪২০-এর বয়স ৬০ বছর পূর্ণ হওয়ায় জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১১.৬ ধারা প্রতিপালন এবং শিক্ষা মন্ত্রণালয়ের ০৬/০৬/২০১১ তারিখের নং- শিম/শা:১১/৩-৯/২০১১/২৫৬ পত্র অনুযায়ী আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে প্রধান শিক্ষকের দায়িত্ব প্রদান করে অত্র অধিদপ্তরকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৫.৭.১৯
(দূর্গা রানী সিকদার)
সহকারী পরিচালক (মা.-২)
ফোন: ৪১০৫০১১৮

সভাপতি
বিদ্যালয় পরিচালনা পরিষদ
রহমতুল্লাহ মডেল হাই স্কুল, লালবাগ, ঢাকা।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা;
০২। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
০৩। ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক লিমিটেড, লালবাগ শাখা, ঢাকা।
০৪। থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, লালবাগ, ঢাকা।
০৫। প্রধান শিক্ষক, রহমতুল্লাহ মডেল হাই স্কুল, লালবাগ, ঢাকা।
০৬। পি এ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
০৭। সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৯৯.৫৭.২০১৬-২২৮৭

তারিখ : ২৬/০৫/২০১৯ খ্রি.

# জরুরি বিজ্ঞপ্তি

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭৪.০৩০.০০১.২০১৭.২৪৫; তারিখ : ১২/০৬/২০১৮ খ্রি. এর স্মারকমূলে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এম.পি.ও. নীতিমালা- ২০১৮ জারি করা হয়। জারিকৃত জনবল কাঠামো ও এম.পি.ও. নীতিমালা- ২০১৮ এর ১১.৬ ধারা অনুযায়ী **শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ ৬০ (ষাট) বছর বয়স পর্যন্ত প্রদেয় হবে। বয়স ৬০ বছর পূর্ণ হবার পর কোনো প্রতিষ্ঠানে প্রতিষ্ঠান প্রধান/সহ. প্রধান/শিক্ষক-কর্মচারীকে কোনো অবস্থাতেই পুনঃনিয়োগ কিংবা চুক্তিভিত্তিক নিয়োগ দেওয়া যাবে না।** বিদ্যমান জনবল কাঠামোয় পুনঃনিয়োগ কিংবা চুক্তিভিত্তিক নিয়োগে নিষেধাজ্ঞা থাকা স্বত্ত্বেও কোনো কোনো প্রতিষ্ঠানের কমিটি কর্তৃক প্রতিষ্ঠান প্রধান/সহঃপ্রধান/শিক্ষক-কর্মচারীকে পুনঃনিয়োগ কিংবা চুক্তিভিত্তিক নিয়োগ দেওয়া হচ্ছে মর্মে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে অভিযোগ পাওয়া যাচ্ছে।

২। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ১১/৩-৯/২০১১/২৫৬; তারিখ : ০৬/০৬/২০১১ খ্রি. জারিকৃত পরিপত্র মোতাবেক "বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক থাকা অবস্থায় তাঁকে ভিন্ন অপর কোনো শিক্ষককে বিদ্যালয়ের প্রধান শিক্ষকের দায়িত্বভার অর্পণ করা যাবে না। সহকারী প্রধান শিক্ষকের পক্ষে কোনো কারণে দায়িত্ব গ্রহণে অপারগতা প্রকাশ অসদাচরণ বলে গণ্য হবে। বিদ্যালয়ে সহকারী প্রধান শিক্ষক না থাকলে জ্যেষ্ঠতম সহকারী শিক্ষক প্রধান শিক্ষকের দায়িত্ব পালন করবেন। জ্যেষ্ঠতম সহকারী শিক্ষক নির্বাচনের ক্ষেত্রে এম.পি.ও.ভুক্তির তারিখ, একই তারিখে এম.পি.ও.ভুক্ত হলে যোগদানের তারিখ এবং যোগদানের তারিখ একই হলে বয়সের দিক হতে বয়োজ্যেষ্ঠ সহকারী শিক্ষককে দায়িত্ব প্রদান করতে হবে। একইভাবে একই বয়সের দু'জন হলে উচ্চতর শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন শিক্ষককে জ্যেষ্ঠ গণ্য করা যাবে।"

এমতাবস্থায়, জনবল কাঠামো ও এম.পি.ও. নীতিমালা- ২০১৮ এর ১১.৬ ধারার নিষেধাজ্ঞা লংঘন করে বয়স ৬০ (ষাট) বছর পূর্ণ হবার পর পুনঃনিয়োগ কিংবা চুক্তিভিত্তিক নিয়োগের অভিযোগ প্রমাণিত হলে জনবল কাঠামো ও এম.পি.ও. নীতিমালা- ২০১৮ এর ১৭.৩ এবং ১৮.১ এর (খ) ও (চ) অনুচ্ছেদ অনুযায়ী সরকারের নির্দেশনা প্রতিপালন না করার দায়ে শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

26.5.19

(মোঃ আফসার উদ্দিন)
শিক্ষা কর্মকর্তা (মাধ্যমিক-২)
edudshesecondary2@gmail.com

## প্রধান শিক্ষকের অনুপস্থিতিতে তাঁর দায়িত্ব পালন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়

সংখ্যা: শিম/শাঃ১১/৩-৯/২০১১/২৫৬ তারিখ: ২৩ জ্যৈষ্ঠ ১৪১৮ / ০৬ জুন ২০১১

### পরিপত্র

বিষয়: প্রধান শিক্ষকের অনুপস্থিতিতে তাঁর দায়িত্ব পালন।

লক্ষ্য করা যাচ্ছে যে, কোন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের পদ অবসর গ্রহণের কারণে শূন্য হলে অথবা তিনি অসুস্থ হলে বা ছুটিতে থাকলে বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষককে প্রধান শিক্ষকের দায়িত্ব প্রদান না করে অপর কোন কনিষ্ঠ সহকারী শিক্ষককে দায়িত্ব প্রদান করা হচ্ছে। জ্যেষ্ঠ শিক্ষককে বাদ দিয়ে কনিষ্ঠ শিক্ষককে দায়িত্ব দেওয়ায় বিদ্যালয়ের প্রশাসনিক শৃংখলা ব্যাহত হয় ফলে বিদ্যালয়ের লেখাপড়ার পরিবেশ বিঘ্নিত হয়। উদ্ভূত প্রেক্ষাপটে সরকার প্রধান শিক্ষকের অনুপস্থিতিতে তাঁর দায়িত্বভার পালনের বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছে:

২। বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক থাকা অবস্থায় তাঁকে ভিন্ন অপর কোন শিক্ষককে বিদ্যালয়ের প্রধান শিক্ষকের দায়িত্বভার অর্পণ করা যাবে না। সহকারী প্রধান শিক্ষকের পক্ষে কোন কারণে দায়িত্ব গ্রহণে অপরগতা প্রকাশ অসদাচরণ বলে গণ্য হবে।

৩। বিদ্যালয়ে সহকারী প্রধান শিক্ষক না থাকলে জ্যেষ্ঠতম সহকারী শিক্ষক প্রধান শিক্ষকের দায়িত্বভার পালন করবেন। জ্যেষ্ঠতম সহকারী শিক্ষক নির্বাচনের ক্ষেত্রে এমপিওভুক্তির তারিখ, একই তারিখে এমপিওভুক্ত হলে যোগদানের তারিখ এবং যোগদানের তারিখ একই হলে বয়সের দিক হতে বয়োজ্যেষ্ঠ সহকারী শিক্ষককে দায়িত্ব প্রদান করতে হবে। একইভাবে একই বয়সের দু'জন হলে উচ্চতর শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন শিক্ষককে জ্যেষ্ঠ গণ্য করা যাবে।

৪। জনস্বার্থে এ আদেশ জারি করা হল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
(ড. কামাল আবদুল নাসের চৌধুরী)
সচিব

বিতরণ:
১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর / মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল)/ চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড/ চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড, ঢাকা।
৩। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

অনুলিপি:
১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ/উন্নয়ন), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার (সকল)।
৩। যুগ্ম সচিব (কলেজ/অডিট ও আইন/কারিগরি ও মাদরাসা/মাধ্যমিক), শিক্ষা মন্ত্রণালয়।
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়।
৫। জেলা প্রশাসক (সকল)।
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭। সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পরিপত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

স্বা:/-
(নুমেরী জামান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৫০৩৪১